



## ধানের চারা পোড়া (Seedling Blight)

**রোগের কারণ :** *Sclerotium rolfsii* ও *Fusarium spp* নামক ছত্রাকের আক্রমণে হয়ে থাকে।

**রোগের বাহক:** মাটি, আক্রান্ত নাড়া, আগাছা ও পঁচা আবর্জনা।

বোরো মৌসুমে বীজতলায় ও মাঝে মাঝে আটশ মৌসুমে এ রোগের প্রাদুর্ভাব হয়ে থাকে। রোগটি উঁচু জমিতে ও শুকনো বা কম ভেজা মাটিতে বেশী হয়ে থাকে। মাটি বেলে জাতীয় ও শুকনো হলে *Sclerotium rolfsii* এর আক্রমণ বেশী হয়ে থাকে। অন্যদিকে মাটি ভেজা ও আর্দ্ধ হলে *Fusarium spp* এর আক্রমণ বেশী হয়।

**রোগের লক্ষণ :**

- বীজ গজানোর আগেই আক্রান্ত বীজ পঁচে যেতে পারে।
- গজানোর পর আক্রান্ত চারা ধীরে ধীরে শুকিয়ে মারা যায় যা পুড়ে যাওয়ার মতো মনে হয়।
- শিকড় এবং চারার গোড়া কালচে বা সাদাটে দেখায়। সাদা ছত্রাক গুটি চারার গোড়ায় বা শিকড়ের কাছে মাটিতে দেখতে পাওয়া যায়।
- মাটিতে ছত্রাক গুটি, আক্রান্ত গাছ বা আগাছায় অবস্থিত ছত্রাক কান্ড আক্রমণের প্রাথমিক উৎস হিসেবে কাজ করে।
- পাতা হালকা হলুদাভাব হয় এবং মুড়িয়ে বা কুচকে যায়।



**দমন ব্যবস্থাপনা :**

**ছবি : ধানের চারা পোড়া রোগ**

- প্রতি কেজি বীজ ২-৩ গ্রাম অ্যাজোক্সিট্রাবিন গ্রিপের ছত্রাকনাশক দিয়ে ১৮-২০ ঘণ্টা শোধন করে নেওয়া।
- বেশী শীতে বীজ তলায় বীজ বপন না করা।
- বীজ লাগানোর আগে সম্ভব হলে ধানের কুড়া বীজতলার মাটির সাথে মিশিয়ে দেয়া।
- রোগ দেখা দিলে জমি বা বীজতলায় পানি ধরে রাখা।
- বীজতলা পলিথিন দিয়ে দিনের বেলা ঢেকে রাখা।

**আরও তথ্যের জন্য:**

পরিচালক, উন্নিদ সংরক্ষণ উইঁ: ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: [dppw@dae.gov.bd](mailto:dppw@dae.gov.bd)

বিস্তারিত জ্ঞানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।